



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৬৮

তারিখঃ ০৯ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৭৩তম কমিশন সভা অদ্য ২২/০১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- ইন্টার্ন শেয়ার অ্যান্ড সিকিউরিটিজ লিঃ (সিএসই ট্রেক নং- ০৫৮) এর জুন ৩০, ২০১৭ সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী পরীক্ষান্তে সমন্বিত গ্রাহক হিসাবে (Consolidated Customers' Account) ঘাটতি পাওয়া যায়। উক্ত প্রতিষ্ঠানের ৩.৫৮২ কোটি টাকা ঘাটতি সমন্বয় করার জন্য ৪ (চার) মাস সময় দিয়ে Securities and Exchange Ordinance, 1969 এর 20A ধারায় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নলিখিত শর্তসমূহ ঘাটতি সমন্বয় না হওয়া পর্যন্ত বলবৎ থাকবেঃ
  - ক) চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড, Eastern Share & Securities Ltd. কে শেয়ারহোল্ডার হিসাবে লভ্যাংশ প্রদান সাময়িকভাবে স্থগিত রাখবে; এবং
  - খ) আগামী ৪ (চার) মাসের মধ্যে উক্ত ঘাটতি সমন্বয় না হলে, Chittagong Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর Regulation 3 অনুযায়ী প্রাপ্য Free limit সুবিধা স্থগিত থাকবে।
- কমিশনের তদন্ত দল কর্তৃক বাংলাদেশ অটোকারস্ লিঃ ও লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ার লেনদেনে উদ্ঘাটিত অনিয়ম এর বিষয়ে দেখা যায় যে, জনাব আব্দুল কাউয়ুম অ্যান্ড এসোসিয়েটস (জনাব আব্দুল কাউয়ুম, মিসেস মরিয়ম নেছা ও মেসার্স কাউয়ুম অ্যান্ড সঙ্গ), জনাব মইনুল হক খান অ্যান্ড এসোসিয়েটস (পদ্মা গ্লাস লিঃ, পদ্মা জোন্স অ্যান্ড কলার্ম লিঃ ইউনিট-২, রহমত মেটাল ইন্ডাঃ লিঃ), জনাব মাহফুজ আলম, কমার্স ব্যাংক সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ এবং জনাব মোঃ আজিমুল ইসলাম অ্যান্ড এসোসিয়েটস (জনাব মোঃ আজিমুল ইসলাম, জনাবা লুৎফুন নেছা ইসলাম, জনাবা নাবিলা ইসলাম, জনাব আজিজুল ইসলাম, আলিফ টেক্সটাইল মিলস্ লিঃ, বায়তুল খামুর) নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করেছেন :
  - ক) জনাব আব্দুল কাউয়ুম অ্যান্ড এসোসিয়েটস, বাংলাদেশ অটোকারস্ লিঃ ও লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(v) ভঙ্গ করেছে;
  - খ) জনাব মইনুল হক খান অ্যান্ড এসোসিয়েটস, বাংলাদেশ অটোকারস্ লিঃ এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(v) ভঙ্গ করেছে;



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

- গ) জনাব মাহফুজ আলম, লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(v) ভঙ্গ করেছে;
- ঘ) কমার্স ব্যাংক সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ, বাংলাদেশ অটোকারস্ লিঃ ও লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ারের লেনদেনে যথাযথ তদারকী না করে বরং Indirectly effecting a series of transaction -এ সহায়তার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(v), সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর আচরণবিধি (দ্বিতীয় তফসিল) এর ৬, ৭ ও ৮ ভঙ্গ করেছে; এবং
- ঙ) জনাব মোঃ আজিমুল ইসলাম অ্যান্ড এসোসিয়েটস, বাংলাদেশ অটোকারস্ লিঃ ও লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধিতে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (e)(v) ভঙ্গ করেছে এবং উক্ত দুটি শেয়ার দুটির মোট শেয়ার এর ১০% এর অধিক অধিগ্রহণ করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(১) ভঙ্গ করেছে।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালনে ব্যর্থতার জন্য কমিশন, জনাব আব্দুল কাউয়ুম অ্যান্ড এসোসিয়েটস -কে ২ (দুই) কোটি টাকা, জনাব মইনুল হক খান অ্যান্ড এসোসিয়েটস -কে ১০ (দশ) লক্ষ টাকা, জনাব মাহফুজ আলম -কে ১ (এক) কোটি টাকা, কমার্স ব্যাংক সিকিউরিটিজ অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ -কে সতর্কপত্র ইস্যু এবং জনাব মোঃ আজিমুল ইসলাম অ্যান্ড এসোসিয়েটস -কে ২ (দুই) কোটি টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. এছাড়া বিনিয়োগকারীদের স্বার্থে তথা জনস্বার্থে বাংলাদেশ অটোকারস্ লিঃ ও লিগেসি ফুটওয়্যার লিঃ এর শেয়ার বাধ্যতামূলক স্পট-এ লেনদেনের পরিবর্তে আগামী ২৩/০১/২০১৯ তারিখ থেকে মূল মার্কেটে লেনদেন হবে মর্মে কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে।

22/01/2019  
মো: সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।